3756.

405871/2010

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

Certified that the document is admitted to registration. The Signature Sheets and the endorsement Sheets attached with this document are the part of this document.

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

569282

থানা- ডায়মণ্ডহারবার,
বর্ত্তমানে রামনগর,
মৌজা- জিয়ঞ্চ,
২৯.৮৭৫ শতক ভূমি,
৪,১৬,৫০০টাকায়,
বিক্রয় কোবালাঃ-

(১/৭) 10 DEC 2010

কোবালা গ্রহীতাঃ- হেরাল্ড প্রিন্টিং এ্যান্ড প্যাকেজিং প্রাইভেট লিমিটেড, ৭৪ বেলিয়াঘাটা মেইন রোড, কোলকাতা - ৭০০০১০, পক্ষে ডায়রেক্টর শ্রী রথীন্দ্র নাথ রায়,
পিতা- মৃত সমরেন্দ্র নাথ রায়,
জাতি- হিন্দু(ভারতীয়), পেশা- ব্যবসাদি,
সাং- এফ ডি ৪১৬/৩, সেক্টর ৩,
সল্টলেক, কোলকাতা- ৭০০১০৬,
জেলা-দক্ষিণ ২৪ পরগনা ।

নং ৪১০৪ তাং ০৭/১২/১০ মূল্য ৫০০০/-

ক্রেতার নাম হেরান্ড প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং প্রা: লি:

সাং ৭৮ বেলিয়াঘাটা মেইন রোড কোল: ১০,

জেঃ

ভেন্ডার শ্রী শ্রীকান্ত হালদার

এ,ডি,এস,আর ও কমতা, জেলা-দঃ ২৪ পরগণা

Govt. of W.B.

[illegible]
[illegible]
পিং: Late [illegible]
D. H.

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)
10 DEC 2010

(২/৭)

<u>কোবালা দাতাঃ</u>- শ্রী দীনেশ চন্দ্র দাস,
পিতা-মৃত বিভূতি ভূষন দাস,
জাতি- হিন্দু (ভারতীয়),
পেষা- চাষাদি,সাং- জিয়ঞ্চ,
থানা- রামনগর,
হাল সাং- সরিষা হাট,
পোঃ- সরিষা,থানা- ডায়মন্ড হারবার,
জেলা- দক্ষিন ২৪ পরগনা ।

কস্য রায়ত স্থিতিবান স্বত্বের শালি জমি জমা মায় দরবস্ত হক হকুক সহ নিঃস্বত্বে সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ।নিম্ন তপশীলে বর্নিত ও দাগ ওয়ারি চৌহদ্দীস্থিত ২৯.৮৭৫ শতক ভূমি এই দলিলে বিক্রীত ভূমি হইতেছে। উক্ত জমি জমার মধ্যে মৌজা জিয়ঞ্চ বর্ত্তমান এল. আর জরিপে ১২৪ নং খতিয়ান ভুক্ত ৫১১ দাগে শালি ২৩ শতক ভূমি আমি জিয়ঞ্চ নিবাসী হরনাথ মণ্ডলের নিকট হইতে খরিদ করিয়া খরিদা স্বত্বে স্বত্ববান ও খাসে দখলিকার আছি। এবং বর্ত্তমান এল.আর জরিপে আমার নাম বরাবর অথাৎ দিনেশ চন্দ্র দাসের নাম বরাবর ১২৪ নং খতিয়ানে শুদ্ধ ভাবে রেকর্ড হইয়াছে। এবং উক্ত মৌজায় বর্ত্তমান এল.আর জরিপে ২৯৫ নং খতিয়ান ভুক্ত ৫০২, ৫০৩, ৫০৪, ৫০৯, ৫১০ ও ৫১২ দাগে মোট ৫৫ শতক জমি ও আর জমি জমা সহ জিয়ঞ্চ নিবাসী যোগমায়া দাসের স্বত্বীয় খাস দখলি সম্পত্তি থাকা অবস্থায় তিন পুত্র যথাক্রমে দীনেশ চন্দ্র দাস, দীপেশ চন্দ্র দাস ও কমলেশ চন্দ্র দাস এবং পাঁচ কন্যা যথাক্রমে অঞ্জলী দাস, শ্যামলী দাস, দিপালী বিশ্বাস, সন্ধ্যা দাস ও কৃষ্ণা দাসকে ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করিলে পর তাঁর ত্যাক্ত সম্পত্তি পুত্র, কন্যা পরস্পর ওয়ারিশ সুত্রে সমতুল্লাংশে প্রাপ্ত হইয়া ভোগবান ও খাসে দখলিকার হই।

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

10 DEC 2010

বর্ত্তমান এল. আর জরিপে যোগমায়া দাসের নামিত ২৯৫ নং খতিয়ানে রেকর্ড হইয়াছে। তন্মধ্যে আমি ১/৮ রকম অংশে ৬.৮৭৮ শতক মাতার ওয়রিশ সুত্রে প্রাপ্ত হইয়া ভোগবান ও খাসে দখলিকার আছি। একুনে আমি খরিদা ২৩ শতক ও মাতার ওয়ারিশ সুত্রে ৬.৮৭৫ শতক মোট ২৯.৮৭৫ শতক ভূমি প্রাপ্ত হইয়া ভোগবান ও খাসে দখলিকার আছি।

এক্ষণে অন্য সম্পত্তি খরিদ করিবার জন্য আমার টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় আমি আমার উপরোক্ত রকমে প্রাপ্ত ২৯.৮৭৫ শতক পরিমিত শালি জমি জমা মায় সর্বপ্রকার ব্যাবহারিক রাইট অফ ইজমেন্ট স্বাত্বাদি সহ সম্পত্তি বর্ত্তমান বাজার উচিৎ পন মুল্য বেল মোক্তা ৪,১৬,৫০০ (চার লক্ষ ষোল হাজার পাঁচশত) টাকায় বিক্রয় করিবার কথা ঘোষনা করিলে পর কোবালা দলিলের গ্রহীতা উক্ত মুল্যে খরিদ করিতে রাজি ও সম্মত হওয়ায় আমার নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে পর আমি আপনার উক্ত মুল্যে বিক্রয় করিতে স্বীকৃত হইয়া আমি ধার্য্যকৃত পনমুল্য ৪,১৬,৫০০ (চার লক্ষ ষোল হাজার পাঁচশত) টাকা এককালিন উক্ত হেরাল্ড প্রিন্টিং এ্যান্ড প্যাকেজিং প্রাইভেট লিমিটেড কোম্পানির পক্ষ হইতে গ্রহন করিয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র কোবালা দলিল আমি আপনার অনুকুলে বা কোম্পনির নাম বরাবর লিখিয়া দিয়া এবং খাস ও খোলসা দখল প্রদান করতঃ আপনার নাম বরাবর বা কোম্পনির নাম বরাবর রেজিষ্ট্রী করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ, প্রচার করিতেছি যে উক্ত ও নিম্ন তপশীলে বর্নিত অত্র বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার, লভ্যাদি ইত্যাদি ছিল বা আছে, তাহা অদ্য হইতে অত্র কোবালা দলিল বলে আপনার বা কোম্পনির নাম বরাবর বর্ত্তাইল

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

10 DEC 2010

বা অর্শিল। কোম্পানির পক্ষে আপনি বর্ত্তমান মালিক সরকারের ও স্থানীয় পঞ্চায়েত অফিসে ও বি. এল. এণ্ড. এল. আর আফিসে আমার নামের স্থলে হেরাল্ড প্রিন্টিং এ্যান্ড প্যাকেজিং প্রাইভেট লিমিটেড কোম্পানীর নাম বরাবর নথিভুক্ত করত সরকারী ধার্য্যকৃত করাদি ও ট্যাক্সাদি যথারীতি কর্ত্তৃপক্ষকে আদায় দিয়া দান বিক্রয় হস্তান্তর রূপান্তর করনের ক্ষমতাযুক্তে হেরাল্ড প্রিন্টিং এ্যান্ড প্যাকেজিং প্রাইভেট লিমিটেড কোম্পানীর খাস দখলে আনিয়া যদৃচ্ছা পরম সুখে নিব্যুঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমি কিংবা আমার পুত্র পৌত্রাদি ওয়ারিশান গনের বা স্থালাভীষিক্ত গন ক্রমে কেহ কোন প্রকার দাবি দাওয়া বা ওজর আপত্তি করিতে পারিব না বা পরিবেক না, যদি কেহ করি বা করে তাহা অত্র কোবালা দলিল বলে সর্ব্বত্র সর্ব্ব আদালতে আইনত বাতিল, অগ্রাহ্য ও না মঞ্জুর বলিয়া গন্য হইবেক।

প্রকাশ থাকে যে আমার নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্নিত সম্পত্তি ইতিপূর্বে অন্য কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর বা দায়বদ্ধ নহে বা কোনরূপ বায়নার চুক্তি করিনাই বা উহাতে পেণ্ডিং মোকর্দমা নাই, ইহা কোন আদালতের ক্রোককৃত সম্পত্তি নহে। উহার উপর কোন চার্জ, লিয়েন বা নিষেধাজ্ঞা নাই, উহা কোন দেবত্তর বা পীরোত্তর ভুক্ত সম্পত্তি নহে বা ওয়াকব এষ্টেটের অর্ন্তরভূক্ত নহে। উক্ত সম্পত্তি সরকারী বা বে-সরকারী প্রতিষ্ঠান কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয়নাই বা ঐ মর্ম্মে কোন নোটিশাদি আমি অদ্যাবধি পাইনাই। উহা সম্পুর্ন নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্তায় আমার খাস দখলে থাকা অবস্থায় আপনাকে বা কোম্পনির নাম বরাবর বিক্রয় করিলাম ও খাসদখল প্রদান করিলাম, এবং উক্ত নিম্ন তপশীলে বর্নিত সম্পত্তি হইতে আমি চিরতরে নিঃস্বত্ব ও দখলিচ্যুত হইলাম।

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs (South)
10 DEC 2010

আমার এই সকল উক্তি যদি ভবিষ্যতে মিথ্যা প্রমানিত হয় তবে আমি আইন মাফিক আমলে আসিব এবং আমার স্বত্ব দখলের কোনরুপ গোলমালের জন্য যদি ভবিষ্যতে আপনি বা কোম্পানি বিক্রীত সম্পত্তি হইতে বঞ্চিত বা দখলচ্যুত হয়েন, তবে আমার অত্র দলিলের লিখিত পনমুল্য মায় যাবতীয় ক্ষতি খেসারতাদি সহ এক কালিন আপনাকে বা কোম্পনির নাম বরাবর ফেরত দিতে বাধ্য রহিলাম ও রহিবেক।

আর প্রকাশ থাকে যে, অত্র কোবালা দলিলের লিখিত বয়ানে যদিকোন ভুলভ্রান্তি থাকা প্রকাশ পায়, তাহা হইলে আপনি আমার বলিবা মাত্র আপনার বা কোম্পনির প্রয়োজনে আপনার বা কোম্পনির খরচার বিনাপন গ্রহনে, বিনা পারিশ্রমিকে যেকোন সংশোধনী বা পরিপূরক দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিবেক ।

এতদর্থে আমি সুস্থ শরীরে, সরল মনে স্বজ্ঞানে সেচ্ছায় অন্যের বিনানুরোধে সংগতকারনে অত্র দলিলের লিখিত মর্ম্ম ও ফলাফল সম্যকরূপে অবগত থাকিয়া ও অত্র দলিলের সমুহ ৪,১৬,৫০০ (চার লক্ষ ষোল হাজার পাঁচশত) টাকা এককালিন গ্রহন করিয়া ও তাহার প্রাপ্তী স্বীকারে অত্র কোবালা দলিল ইশাদী পক্ষগনের সম্মুখে নিজ নামে সই ও সম্পাদন পূর্ব্বক হেরাল্ড প্রিন্টিং এ্যান্ড প্যাকেজিং প্রাইভেট লিমিটেড কোম্পানীর অনুকুলে রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ১৪১৭ (চৌদ্দশত সতের) সাল, তাং ২২ শে অগ্রহায়ন, ইংরাজি ২০১০ সাল, তাং- ০৯ ই ডিসেম্বর।

Govt. of W.B.

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

10 DEC 2010

(৬/৭)

## -ঃঃতপশীল ভূমির বিবরনঃঃ-

১)জেলা-দক্ষিন ২৪পরগণা,থানা- রামনগর, অতিরিক্ত জেলা সাব-রেজিষ্ট্রী অফিস ডায়মণ্ড হারবার, পরগণা- মুড়াগাছা, জে.এল ৫৮ নং, মৌজা- জিয়ঞ্চ, বর্ত্তমানে ৩৭ নং তৌজির বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পং কালেক্টর ষ্টেট মোকাম বি. এল. এণ্ড. এল. আর অফিস ডায়মণ্ড হারবার (২), উক্ত মালিক অধিনে জোতের বর্ত্তমান এল. আর. জরিপে ১২৪ নং খতিয়ান ভুক্ত- 124 khatian

23 Dec.

৫১১ (পাঁচশত এগার) দাগে শালি ২৩ শতক।

**মোট- ২৩ (তেইশ) শতক।**

২)উক্ত থানা উক্ত পরগনা জে. এল ৫৮ নং জিয়ঞ্চ মৌজায় উক্ত মালিক অধিনে জোতের সাবেক ২৬৫ নং খতিয়ান ভুক্ত যাহা বর্ত্তমান এল. আর. জরিপে ২৯৫ নং খতিয়ান ভুক্ত-

৫০২ (পাঁচশত দুই) দাগে শালি ০৬ শতক মধ্যে ১/৮ অংশে ০.৭৫ (শুন্য দশমিক সাত পাঁচ) শতক। 0.75 Dec.

৫০৩ (পাঁচশত তিন) দাগে শালি ০৮ শতক মধ্যে ১/৮ রকম অংশে ০১ (এক) শতক। 1.00 Dec

৫০৪ (পাঁচশত চার) দাগে শালি ০৭ শতক মধ্যে ১/৮ রকম অংশে ০.৮৭৫ (শুন্য দশমিক আট সাত পাঁচ) শতক। 0.875 Dec

৫০৯ (পাঁচশত নয়) দাগে শালি ০৬ শতক মধ্যে ১/৮ রকম অংশে ০.৭৫ (শুন্য দশমিক পঁচাত্তর) শতক। 0.750

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

10 DEC 2010

৫১০ (পাঁচশত দশ) দাগে শালি ১৪ শতক মধ্যে ১/৮ রকম অংশে ১.৭৫ (এক দশমিক সাত পাঁচ) শতক । 1.750 Dec

৫১২ (পাঁচশত বার) দাগে শালি ১৪ শতক মধ্যে ১/৮ রকম অংশে ১.৭৫ (এক দশমিক সাত পাঁচ) শতক । 1.750 Dec

মোট-৬.৮৭৫ (ছয় দশমিক আট সাত পাঁচ) শতক মাত্র।

সর্ব্ব মোট- ২৯.৮৭৫ (উনত্রিশ দশমিক আট সাত পাঁচ) শতক মাত্র।

অত্র দলিল খানি ৭ ফর্দ্দে লেখা হইল ও জন সাক্ষী হইল।

মুসাবিদাকারক-

Computerised by :-
Tilak Kayal
New Mondal Computer Centre
Mohonpur
Diamond Harbour,South 24pgs.

ইসাদি-

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

10 DEC 2010



বাম হস্ত

| বৃদ্ধাঙ্গুলী | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
| | | | | |

ডান হস্ত

| বৃদ্ধাঙ্গুলী | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
| | | | | |

স্বাক্ষর ঃ Rathindra Nath Roy



বাম হস্ত

| বৃদ্ধাঙ্গুলী | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
| | | | | |

ডান হস্ত

| বৃদ্ধাঙ্গুলী | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
| | | | | |

স্বাক্ষর ঃ [illegible]

ফটো

বাম হস্ত

| বৃদ্ধাঙ্গুলী | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
| | | | | |

ডান হস্ত

| বৃদ্ধাঙ্গুলী | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
| | | | | |

স্বাক্ষর ঃ

ফটো

বাম হস্ত

| বৃদ্ধাঙ্গুলী | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
| | | | | |

ডান হস্ত

| বৃদ্ধাঙ্গুলী | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
| | | | | |


Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)
10 DEC 2010

Government of West Bengal
[Depart]ment of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the A. D. S. R. DIAMOND HARBOUR, District- South 24-Parganas
Signature / LTI Sheet of Serial No. 03756 / 2010

[I. Signatu]re of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Sri Denesh Chandra Das | |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Denesh Chandra Das<br>Address -Village:Sarisha Hat, Thana:-Diamond Harbour, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-Sarisha | Self | <br>10/12/2010 | <br>LTI<br>10/12/2010 | |

**Name of Identifier of above Person(s)**
Kamalesh Das
Village:Sarisha, Thana:-Diamond Harbour,
District:-South 24-Parganas, WEST BENGAL, India,
P.O. :-

**Signature of Identifier with Date**

(Mohul Mukherjee)

Govt. of W.B.

Government Of West Bengal
Office Of the A. D. S. R. DIAMOND HARBOUR
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 04057 of 2010
(Serial No. 03756 of 2010)

**On**

**Payment of Fees:**

**On 10/12/2010**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23,5 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 4572/-, on 10/12/2010

( Under Article : A(1) = 4565/- ,E = 7/- on 10/12/2010 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-416000/-

Certified that the required stamp duty of this document is Rs.- 20810 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 15835/- is paid, by the draft number 876235, Draft Date 10/12/2010, Bank Name State Bank of India, PARULIA, received on 10/12/2010

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 13.54 hrs on :10/12/2010, at the Office of the A. D. S. R. DIAMOND HARBOUR by Sri Denesh Chandra Das ,Executant.


**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 10/12/2010 by

1. Sri Denesh Chandra Das, son of Lt Bibhuti Bhusan Das , Village:Sarisha Hat, Thana:-Diamond Harbour, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-Sarisha , By Caste Hindu, By Profession : Cultivation

Identified By Kamalesh Das, son of Lt Bhuti Bhusan Das, Village:Sarisha, Thana:-Diamond Harbour, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- , By Caste: Hindu, By Profession: Others.

( Mohul Mukherjee )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR


Govt. of W.B.


Government Of West Bengal
Office Of the A. D. S. R. DIAMOND HARBOUR
District:-South 24-Parganas

Endorsement For Deed Number : I - 04057 of 2010
(Serial No. 03756 of 2010)

( Mohul Mukherjee )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

( Mohul Mukherjee )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

10/12/2010 15:33:00



*ertificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 7
Page from 7429 to 7441
being No 04057 for the year 2010.

(Mohul Mukherjee) 13-December-2010
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. DIAMOND HARBOUR
West Bengal